

স্মারক নং- ৪৬.০১৭.০২৭.০০.০০.০৩৪.২০১৪- ২০৪৪

তারিখ: ০৪ পৌষ, ১৪২৮
১৯ ডিসেম্বর, ২০২১

প্রজ্ঞাপন


যেহেতু, লালমনিরহাট জেলার পাটগ্রাম উপজেলার বুড়িমারী ইউনিয়ন পরিষদের ০১ নং ওয়ার্ডের সদস্য জনাব মোঃ হাফিজুল ইসলাম এর বিরুদ্ধে পবিত্র কোরআন অবমাননার কারণে জনাব আবু ইউনুস মোঃ শহিদুল্লাহ জুয়েল নামের এক ব্যক্তিকে পিটিয়ে হত্যা ও লাশ পুড়িয়ে দেয়ার সাথে সম্পৃক্ত থাকার অভিযোগ স্থানীয় তদন্তে প্রমাণিত হওয়ার প্রেক্ষিতে জেলা প্রশাসক, লালমনিরহাট এর সুপারিশ মোতাবেক স্থানীয় সরকার বিভাগের ২৫/০৭/২০২১ তারিখের ৫৪৩ নং স্মারকে তাঁকে সাময়িক বরখাস্ত করা হয় এবং একইসাথে কেন তাকে স্থায়ী পদ হতে চূড়ান্তভাবে অপসারণ করা হবেনা তা পত্র প্রাপ্তির ১০ কার্যদিবসের মধ্যে তাঁর জবাব সংশ্লিষ্ট জেলা প্রশাসকের মাধ্যমে এ বিভাগে প্রেরণের জন্য অনুরোধ করা হয়;

যেহেতু, লালমনিরহাট জেলার পাটগ্রাম উপজেলার বুড়িমারী ইউনিয়ন পরিষদের ০১ নং ওয়ার্ডের সদস্য (সাময়িক বরখাস্ত) জনাব মোঃ হাফিজুল ইসলাম কে কারণ দর্শানোর প্রেক্ষিতে প্রদত্ত জবাব গ্রহণযোগ্য বিবেচিত না হওয়ায় জেলা প্রশাসক, লালমনিরহাট উক্ত ইউনিয়ন পরিষদের সদস্য জনাব মোঃ হাফিজুল ইসলাম এর বিরুদ্ধে স্থানীয় সরকার (ইউনিয়ন পরিষদ) আইন, ২০০৯ এর ৩৪ (৪) (খ) ও (ঘ) অনুযায়ী তাঁর বিরুদ্ধে পরবর্তী প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের জন্য সুপারিশ করেছেন;

সেহেতু, লালমনিরহাট জেলার পাটগ্রাম উপজেলার বুড়িমারী ইউনিয়ন পরিষদের ০১ নং ওয়ার্ডের সদস্য (সাময়িক বরখাস্ত) জনাব মোঃ হাফিজুল ইসলাম কে জনস্বার্থে স্থানীয় সরকার (ইউনিয়ন পরিষদ) আইন, ২০০৯ এর ৩৪ (৪) (খ) ও (ঘ) ধারার অপরাধে একই আইনের ৩৪ (৫) উপধারার ক্ষমতাবলে নির্দেশক্রমে তাকে স্থায়ী পদ হতে অপসারণ করা হলো।

০২। উপজেলা নির্বাহী অফিসার, পাটগ্রাম, লালমনিরহাট স্থানীয় সরকার (ইউনিয়ন পরিষদ) আইন, ২০০৯ এর ৩৫ (২) ধারা মোতাবেক শূন্য ঘোষণা সংক্রান্ত গেজেট বিজ্ঞপ্তি জারীর প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণ করবেন।

০৩। এ আদেশ জনস্বার্থে জারী করা হলো এবং তা অবিলম্বে কার্যকর হবে।



(মোহাম্মদ আজিজুল ইসলাম)
উপসচিব
ফোন: ০২-২২৩৩৫৩৩৯৪
Email : Up1lgd@gmail.com

স্মারক নং- ৪৬.০১৭.০২৭.০০.০০.০৩৪.২০১৪- ২০৪৪

তারিখ: ০৪ পৌষ, ১৪২৮
১৯ ডিসেম্বর, ২০২১

অবগতি ও প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের জন্য অনুলিপি প্রেরণ করা হলো:

- ১। বিভাগীয় কমিশনার, রংপুর বিভাগ, রংপুর।
- ২। মাননীয় মন্ত্রীর একান্ত সচিব, স্থানীয় সরকার, পল্লী উন্নয়ন ও সমবায় মন্ত্রণালয়, বাংলাদেশ সচিবালয়, ঢাকা।
- ৩। জেলা প্রশাসক, লালমনিরহাট।
- ৪। সিনিয়র সচিবের একান্ত সচিব, স্থানীয় সরকার বিভাগ, বাংলাদেশ সচিবালয়, ঢাকা।
- ৫। উপজেলা নির্বাহী অফিসার, পাটগ্রাম, লালমনিরহাট।
- ৬। প্রোগ্রামার, স্থানীয় সরকার বিভাগ (পত্রটি ওয়েবসাইটে প্রকাশের অনুরোধসহ)।
- ৭। মহাপরিচালক, স্থানীয় সরকার বিভাগ/ অতিরিক্ত সচিব (ইউপি) ব্যক্তিগত কর্মকর্তা, বাংলাদেশ সচিবালয়, ঢাকা।
- ৮। জনাব মোঃ হাফিজুল ইসলাম, ইউপি সদস্য, ০১নং ওয়ার্ড (অপসারণকৃত), বুড়িমারী ইউনিয়ন পরিষদ, পাটগ্রাম, লালমনিরহাট।
- ৯। অফিস কপি।


(মোহাম্মদ আজিজুল ইসলাম)
উপসচিব